R. N. No. 2532/57 Phone : 66228 (Press), 67228 (Resi.)/STD 03483 Regd. No.—WB/MSD- 4

আলমারী, চেয়ার এবং
যাবতীয় ষ্টীল সরঞ্জাম বিক্রেতা

বি কে

ষ্টিল ফার্ণিচার

অনুমোদিত বিক্রেতা ষ্টিলকো

রঘুনাথগঞ্জ ।। মুর্শিদাবাদ

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

Jangipur Sambad, Raghunathganj, Murshidabad (W. B)

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

প্রথম প্রকাশ : ১৯১৪

জঙ্গীপুর আরবান কো-অপঃ
ক্রেডিট সোসাইটি লিঃ-
রেজি নং— ১২ / ১৯৯৬-৯৭
( মুর্শিদাবাদ জেলা সেন্ট্রাল
কো-অপারেটিভ ব্যাঙ্ক
অনুমোদিত )
ফোন : ৬৬৫৬০
রঘুনাথগঞ্জ ।। মুর্শিদাবাদ

৮৭শ বর্ষ
১১শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ১০ই শ্রাবণ, বুধবার, ১৪০৭ সাল।
২৬শে জুলাই, ২০০০ সাল।

নগদ মূল্য : ১ টাকা
বার্ষিক ৪০ টাকা

## গ্রামের শিশুদের দেখভাল করতে শহর থেকে যাবেন অঙ্গনওয়াড়ী কর্মী

স্থানীয় সংবাদদাতা : রঘুনাথগঞ্জ ২নং ব্লকে অঙ্গনওয়াড়ী কর্মী ও সাহায্যকারিণী পদে নিয়োগ নিয়ে দীর্ঘ সময়ের বিভিন্ন ধরনের পর্যায়ের পর জঙ্গিপুর ও এমনকি রঘুনাথগঞ্জের স্থায়ী বাসিন্দাদের নিযুক্ত করা হয়েছে। এ অভিযোগ রঘুনাথগঞ্জ ২নং পঞ্চায়েত সমিতির সদস্য কংগ্রেসী নেতা মোঃ জিয়াউর রহমান মোল্লার। তাঁর মতে এলাকার গ্রামের মহিলা প্রার্থীদের বঞ্চিত করে শহরের মহিলাদের নিয়োগ করা হয়েছে। তাঁদের অনেকেরই গ্রামের ভুয়ো ঠিকানায় আবেদন করেছিলেন। অনেক সময়ই দেখা যায় এই ধরনের শহরের অঙ্গন-ওয়াড়ী কর্মীরা মাসের বেশীরভাগ দিন বাড়ীতে থাকেন ও মাসের শেষে ব্লক অফিস থেকে মাইনে সংগ্রহ করেন। ফলে বিশ্বব্যাঙ্কের সাহায্যপুষ্ট এই ধরনের জনকল্যাণকর কর্মসূচীর উদ্দেশ্যই ব্যর্থ হয়। এই কারণেই গ্রামের বাসিন্দাদের দলমতনির্বিশেষে যোগাতানুসারে নিয়োগ করার দাবী জানিয়েছেন কংগ্রেসী নেতা। এ বিষয়ে জেলাশাসককে এবং সমস্ত বিরোধী দলগুলির কাছে প্রতিবাদপত্র পাঠানো হয়েছে।

## প্রাক্তন পুরপতি সফর আলিকে কং (ই) থেকে বহিষ্কার

নিজস্ব সংবাদদাতা : ধুলিয়ান পুরসভার প্রাক্তন পুরপতি সফর আলিকে গত ৮ জুলাই কংগ্রেস থেকে বহিষ্কার করা হয়েছে। দলের অভিযোগ সফর আলি পদের অপব্যবহার করেছেন। দুর্নীতি ও দলবিরোধী কার্যকলাপ করায় দল থেকে তাঁকে বহিষ্কার করা হয়। এই বহিষ্কারের প্রতিবাদে সফর আলি গত ১৮ জুলাই তাঁর সঙ্গীদের নিয়ে হাবুলাল বিড়ি কোম্পানীর গোডাউনে ১৯টি ওয়ার্ডের প্রায় ২00 জন অনুগামীদের নিয়ে সভা ও মিছিল করেন। তাতে ঘোষণা করেন তিনি দলবলসহ বিক্ষুব্ধ কংগ্রেসী হিসাবে বিরোধিতা করবেন এবং জনগণের সেবায় লড়াই চালিয়ে যাবেন। তিনি আরও জানান অন্য কোন রাজনৈতিক দলে যাবেন না। তিনি ফরাক্কা কেন্দ্রের বিধায়ক মইনুল হকের সমালোচনা করেন। তাঁর ঐ সভায় কংগ্রেসের সামশুল হক এবং ১৩নং ওয়ার্ডের ( শেষ পৃষ্ঠায় )

## মহকুমায় উচ্চ মাধ্যমিকে উন্নীত হলো পাঁচটি স্কুল

নিজস্ব সংবাদদাতা : এ পর্যন্ত পাওয়া খবরে জানা যায় মহকুমার পাঁচটি মাধ্যমিক স্কুল উচ্চ মাধ্যমিক স্তরে উন্নীত হলো। বর্তমান বছরে জঙ্গিপুর কলেজে উচ্চ মাধ্যমিক পাঠ্যক্রমে ভর্তি বন্ধ হয়ে গেছে। সেখানে সব শাখা মিলে মোট প্রায় পাঁচশো ছাত্রছাত্রীর স্থান সংকুলান হতো। একাদশ শ্রেণীতে তাই ভর্তি সমস্যা সামলাতে এবছরই মহকুমার পাঁচটি স্কুলে উচ্চ মাধ্যমিক পাঠ্যক্রম চালুর অনুমতি পাওয়া গেছে। ঐ স্কুলগুলি হলো ফরাক্কা ব্লকের নিশিন্দ্রা, সাগরদীঘি ব্লকের বালিয়া, সেখদীঘি এবং রঘুনাথগঞ্জ ১ ব্লকের মালডোবা ও শ্রীকান্তবাটী হাই স্কুল। যদিও এই স্কুলগুলির বেশীর ভাগ ক্ষেত্রেই উচ্চ মাধ্যমিক কোর্স চালুর কোন পরিকাঠামো নেই বলে জানা যায়। সেখানে পোষ্ট গ্র্যাজুয়েট শিক্ষকের বেশ অভাব। যাদের আছে তারাও অধিকাংশই প্রাইভেট বা করেসপন্ডেন্স কোর্স থেকে শিক্ষণ-প্রাপ্ত। কোন স্কুলে আবার ঘরের অভাব। এছাড়া ঐসব স্কুলগুলোর মধ্যে কারো কারো এ বছর মাধ্যমিকের ফলাফল হতাশাজনক।

## উচ্চ মাধ্যমিকে জঙ্গিপুর শীর্ষে

নিজস্ব সংবাদদাতা : এবছর উচ্চ মাধ্যমিকে মহকুমায় জঙ্গিপুর স্কুলের ফলাফল বেশ ভাল বলে জানা যায়। উচ্চ মাধ্যমিকের তিনটি শাখায় মোট ২৪৯ জন পরীক্ষার্থীর মধ্যে ঐ স্কুলে ১১টি ষ্টারসহ মোট ৯৩ জন প্রথম বিভাগে, ৭১ জন দ্বিতীয় বিভাগে ও ৩৬ জন পাশ বিভাগে উত্তীর্ণ হয়েছে। বিজ্ঞান বিভাগে সর্বোচ্চ নম্বর পেয়েছে অভিজিৎ ঘোষ ( ৮৬৫ ), কলায় চৈতালী সরকার ( ৭১১ ) এবং বাণিজ্যে ধর্মেন্দ্র জৈন ( ৬৪৫ )। দর্শনশাস্ত্রে ৭ জন ও সংস্কৃতে ১১ জন লেটার মার্কস পেয়েছে। এছাড়া অন্যান্য স্কুলের ফলাফল—রঘুনাথগঞ্জ বয়েজ হাই স্কুল : মোট পরীক্ষার্থী ১৪৬, ১ম বিভাগে তিনটি ষ্টারসহ ৯ জন, ২য় বিভাগে ২৫ ও পাশ বিভাগে ৩৮ জন, (শেষ পৃষ্ঠায়)

## বাজ পড়ে তিনজনের মৃত্যু

নিজস্ব সংবাদদাতা : গত ২৪ জুলাই 'দুপুরে সাগরদীঘি ব্লকের ঈশ্বরবাটী গ্রামে বৃষ্টিতে জমি চাষ করার সময় বাজ পড়ে ঘটনাস্থলেই মৃত্যু হলো তিনজনের, আহত পাঁচ। মৃতরা হলেন বিশ্বনাথ ভুঁইমালী, সন্তোষ সরেন ও রহমত সেখ। এছাড়া শঙ্কর মার্ডি, সাফাতুল্লা সেখ, বাবলু সেখ সহ মোট পাঁচজন চাষী বাজের আগুনে ঝলসে গুরুতরভাবে আহত হয়ে হাসপাতালে চিকিৎসাধীন। আহত ব্যক্তিদের চিকিৎসার ব্যাপারে তদারকি করেন সাগরদীঘি পঞ্চায়েত সমিতির সভাপতি আশীষ ব্যানার্জী ও এল সি এস মোহন চ্যাটার্জী। নিহত ব্যক্তিদের পরিবারপিছু এককালীন দশ হাজার টাকা সরকারী অনুদান দেবার কথা ঘোষণা করেন পঞ্চায়েত সমিতির সভাপতি শ্রীব্যানার্জী বলে জানা যায়।

বাজার ঘুরে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার ?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পরিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।।
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ৬৬২০৫

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১০ই শ্রাবণ বুধবার, ১৪০৭ সাল।

## ॥ থানায় বিস্ফোরণ ॥

কথায় বলে, 'বাঘের ঘরে ঘোগের বাসা'; যে থানা অপরাধ দমন বিষয়ে দেখাশুনা করিয়া থাকে, নাগরিক জীবনে শান্তি বজায় রাখিতে কর্মতৎপর হয়, সেই থানার মধ্যেই বিপদ যখন দেখা দেয়, তখনই উল্লেখিত প্রবাদবচন মনে পড়িয়া যায়।

গত ১৭ই জুলাই দিবা-দ্বিপ্রহরে রঘুনাথগঞ্জের থানাভবনের দ্বিতলস্থিত মালখানায় মজুত কয়েকটি বোমার বিস্ফোরণ হয়। তাহার ফলে একজন মারা যা'ন, আর একজন জখম হন। নিহত কালু সেখ খিদিরপুর নিবাসী একজন দিনমজুর। তিনি মালখানার জঞ্জাল সাফাই করার কাজে ব্যস্ত ছিলেন। মালবাবু এ এস আই শিবপদ দলুই উহার তদারক কার্যে নিযুক্ত ছিলেন। এমত অবস্থায় নাকি মজুত বোমার বিস্ফোরণ হয়। কালু সেখের ডান হাত দেহ হইতে বিচ্ছিন্ন হইয়া যায় এবং সারা দেহ মারাত্মকভাবে ঝলসিয়া যায়। শিবপদবাবুর দেহের সম্মুখভাগ দগ্ধ হয়। হঠাৎ বিস্ফোরণের প্রচণ্ড শব্দে পার্শ্ববর্তী লোকজন হতচকিত হইয়া পড়েন। বহুলোক থানায় ভীড় করিতে থাকেন। মালখানা ঘরের অল্পবিস্তর ক্ষতি হয়। ওসি শ্রীধ্রুবজ্যোতি ব্যানার্জী ও অপরাপর থানাকর্মী স্বচেষ্টায় আগুন আয়ত্তে আনেন বলিয়া খবরে প্রকাশ। কালু সেখ গত ১৮ই জুলাই বহরমপুর সদর হাসপাতালে মারা যান শিবপদবাবুকে চিকিৎসার জন্য কলিকাতায় প্রেরণ করা হইয়াছে, প্রকাশিত সংবাদে জানা যায়।

এসডিপিও সূত্রে জানা যায় যে, গত ৪/৫ বৎসরে উদ্ধার করা সমস্ত বোমা থানা কর্তৃপক্ষ কর্তৃক বিনষ্ট করিয়া দেওয়া হইয়াছিল। সংশ্লিষ্ট বিস্ফোরিত বোমা কেমনভাবে মালখানায় থাকিয়া যায়, ইহাই প্রশ্ন। আর নিয়মানুযায়ী প্রতি বৎসর এক সময় মালখানায় রক্ষিত সব জিনিস মিলাইয়া লওয়া হয় এবং জঞ্জাল পরিষ্কার করিয়া ফেলা হয়। এবারে টোকেন লাগান মালপত্র মিলাইতে গিয়া নাকি দুর্ঘটনা ঘটিয়াছে।

এই বিস্ফোরণে একজনের প্রাণ গেল, অপরজন চিকিৎসাধীন। মালখানায় জিনিসপত্র যাহা মজুত রাখা হয়, তাহার মধ্যে বোমা যাহাতে না থাকে, সেই রকম কোনও নির্দেশ থাকা দরকার। ট্রায়ালের জন্য বোমা মজুত রাখা কোনও কাজের কথা নহে। কেননা জঞ্জাল সাফাইকালে পুনরায় বিপদ আসিতে পারে।

নিহত কালু সেখ দিনমজুর। তাঁহার পরিবারে প্রতিপাল্য সদস্য নিশ্চয় আছেন। তাঁহাদের জন্য উপযুক্ত ক্ষতিপূরণ যাহা এই পরিবারটির গ্রাসাচ্ছাদনের ন্যূনতম প্রয়োজন মিটাইবে, তাহার আশু ব্যবস্থা করিতে পুলিশ বিভাগকে আমরা অনুরোধ জানাইতেছি। মনে রাখা দরকার, নিহত কালু সেখ থানাকর্মী নহেন, দিনমজুরমাত্র। তাঁহার বেতন, প্রভিডেন্টফাণ্ড ইত্যাদি কিছুই নাই। তাঁহার পরিবারের দিন গুজরানের বন্দোবস্ত সরকার করুন।

## চিঠি-পত্র

( মতামত পত্রলেখকের নিজস্ব )

### টেগোর রিসার্চ ইনসষ্টিটিউট প্রসঙ্গে

পথ চলতে জঙ্গিপুর পুরসভার সম্মুখে হঠাৎ চোখে পড়ল একটি ফেষ্টুনে লেখা রয়েছে "টেগোর রিসার্চ ইনসষ্টিটিউট" কলিকাতা। কৌতুহল আমন্ত্রণের কথা স্মরণে না রেখেই আমাকে নিয়ে গেল পৌরসভার দোতলায়। দেখলাম টেগোর রিসার্চ ফেলো সেখানে কেউই উপস্থিত নেই। সুতরাং সভাঘরে ঢুকতে দ্বিধা নেই। কিন্তু দ্বিধা নয়, অত্যন্ত বিরক্তি বোধ হল। যখন বুঝলাম সভার মধ্যমণি সেই ব্যক্তি যিনি একসময় মহর্ষি দেবেন্দ্রনাথ ও রোম সম্রাট নিরোর চরিত্রকে সমার্থক মনে করতেন। মনে হল শ্রদ্ধাহীন এই রবীন্দ্রচর্চা অকর্মণ্য দাম্ভিকদের অক্ষম আত্মপ্রতিষ্ঠা।

১৮/৭/২০০০ তপন রায়, রঘুনাথগঞ্জ

### রবীন্দ্র নজরুল স্মরণসভা

নিজস্ব সংবাদদাতা : গত ২১ জুলাই সকালে সাগরদীঘি ব্লকের ব্রাহ্মণীগ্রাম জুনিয়র বেসিক স্কুলে "রবীন্দ্র নজরুল" এক স্মরণী সভা হয়। প্রধান শিক্ষক মঃ নুরুল হোসেন ও তাঁর সহকারীদের উদ্যোগে এক শোভন পরিবেশ সৃষ্টি করে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সাহিত্য ভারতী হৃদয়রঞ্জন কাব্যতীর্থ। অনুষ্ঠানে আবৃত্তি, কুইজ, সঙ্গীত নাটিকা পরিবেশন করে ছাত্র-ছাত্রীরা। মঃ আবুবাক্কার, মঃ সফিক প্রমুখ রবীন্দ্র ও নজরুল সম্বন্ধে আলোচনা করেন। সভাপতি তাঁর ভাষণে দুই যশস্বী কবির মধ্যে প্রীতি বন্ধনের কথা উল্লেখ করে শেষে নজরুলের সঙ্গে দাদাঠাকুরের রসালাপ প্রসঙ্গ তুলে ধরেন। প্রতি বৎসরই মনোজ্ঞ অনুষ্ঠান এ স্কুলের উল্লেখ্য

### ডি ওয়াই এফ আই-এর সম্মেলন

নিজস্ব সংবাদদাতা : গত ৯ জুলাই রঘুনাথগঞ্জ বালিঘাটা ডি ওয়াই এফ আই-এর দ্বিতীয় ইউনিট সম্মেলন হয়ে গেল। সম্মেলনে সংগঠনের আগামী দিনের কর্মসূচী নিয়ে আলোচনা করেন জঙ্গিপুর পৌর লোকাল কমিটির সম্পাদক শত্রুঘ্ন সরকার। সম্মেলনে মেজারুল ইসলাম ও রবিউল সেখকে সম্পাদক ও সভাপতি নির্বাচিত করে ১৪ জনের এক কমিটি গঠন করা হয়।

### খাদ্য-পুষ্টি সচেতনতা আলোচনা শিবির

নিজস্ব সংবাদদাতা ঃ গত ১৮ এবং ১৯ জুলাই মুর্শিদাবাদ অনুন্নত সম্প্রদায় সংঘের উদ্যোগে পঃ বঃ রাজ্য মানব সম্পদ উন্নয়ন দপ্তরের সহযোগিতায় রঘুনাথগঞ্জ ১নং ব্লকের রাজানগর স্বাস্থ্যকেন্দ্রে, জামুয়ার অঞ্চল পঞ্চায়েত ভবনে এবং শ্রীকান্তবাটী উচ্চ বিদ্যালয়ে খাদ্য ও পুষ্টি আলোচনা শিবির অনুষ্ঠিত হয়। রঘুনাথগঞ্জ ১নং ব্লকের সিডিপিও স্বর্ণেন্দু মণ্ডলসহ অঙ্গনওয়ারী কর্মীবৃন্দ ছাড়াও বহু মা এই শিবিরগুলিতে যোগদান করেন। ডাঃ অমল সরকার, অধ্যাপক কাশীনাথ ভকত, কেতকী পাল, জামুয়ার পঞ্চায়েত প্রধান সত্যবান মাঝি প্রমুখ এই শিবিরগুলিতে অংশগ্রহণ করেন। প্রধান বক্তা ছিলেন কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন বিভাগের টেকনিক্যাল এসিষ্ট্যান্ট বিশেষজ্ঞ ডাঃ সমীরকুমার ঘোষ। এই শিবির আয়োজনে মুর্শিদাবাদ অনুন্নত সম্প্রদায় সংঘের ভূমিকার উল্লেখ করে তিনি বলেন প্রাণীমাত্রেই জন্ম থেকে মৃত্যু পর্যন্ত খাদ্য ও পুষ্টির উপর নির্ভরশীল। গ্রামীণ অধিবাসীদের আর্থিক সংগতি অনুসারে পুষ্টিকর খাদ্য নির্বাচন ও গ্রহণ এবং পরিচ্ছন্নতা বিষয়ে বিশেষভাবে ব্যাখ্যা করেন। মায়েদের প্রসঙ্গে উল্লেখ করেন গর্ভের ৯ মাস মায়ের সঠিক যত্ন হলে মানব জীবনের ৬০ বছর পর্যন্ত সুস্থ থাকা সম্ভব হয়। জন্মের অল্পক্ষণের মধ্যেই শিশুকে স্তনদান অবশ্যই উচিত এবং ৪ মাস পর্যন্ত শিশুকে বাইরের কোন খাদ্য, এমন কি পানীয় জলও দেবার প্রয়োজন নেই।

**Direct Admission**

B. Sc, Computer Science, Micro Biology BPT, BBM, BHM, BCA, MCA, MBA M. Sc. Micro-Biology, Bio-Technology, B. Sc. Nursing & B. Pharmacy. Engineering & Diploma Engineering in Bangalore Colleges (Approved by AICTE)

Mr. Kiran
P. O. Jarur, Dt. Murshidabad
Phone (03483) 60303
(7 P. M. to 12 noon)

Government of West Bengal

Office of the District Magistrate & Collector, Murshidabad

# NOTICE

Applications in the prescribed forms from intending persons/Companies/Firms/Societies are hereby invited for settlement of Excise Licence for the categories mentioned in column 2 and for the sites or vicinity thereof mentioned in column 3 of the Table given below. The sites mentioned in column 4 of the said Table are reserved for settlement amongst Firms or Societies "Society" means "Society" as defined under the W. B. Co-operative Societies Act, 1983 or W. B. Societies Registration Act, 1961 formed by unemployed youths. The selection of candidates shall be made through lottery, if required, to be conducted by Director of State Lotteries, West Bengal after preliminary scrutiny. The application fee for each of the sites is Rs. 500/- for Panchayat area and Rs. 1000/- for non-Panchayat area respectively. The fee is to be paid under Treasury Challan, particulars of which should be got verified by the Dist. Excise Office. The original copy of the said challan showing payment should be annexed with the application. The fee is non-refundable and non-adjustable. The last date of receipt of application alongwith the Treasury Challan is 30 days from the date of publication of the Notice provided that if the 30th day is the State Govt. holiday, the last date will be the immediate next working day. The complete application form alongwith Treasury Challan and all requisite documents should be submitted in the District Excise Office. The selcction of applicant for the licence will be in terms of the Excise Department, Govt. of West Bengal Notification No. 148-Ex dated 22nd March 1993, Order No. 66-Ex/O/IR-I/98 dated 4th February, 2000 and Notification No. 409-Ex/O/IR-I/98 dt. 30th May, 2000 as published in the Calcutta Gazetee. The relevant portions of the Notifications and forma of prescribed forms have been displayed in the Notice Board of the District Excise Office.

| Sl. No. | Categories of License. | Area of new sites for which applications are invited. | Sites reserved for firms/societies formed by unemployed youths registered in any Employment Exchange of W. B. |
|---|---|---|---|
| 1. | Country spirit for consumption "OFF" and "ON" the premises on the same site. | SEIKHPARA OR in its vicinity under P. S. Raninagar (Panchayat Area) | —— |
| 2. | Do | —— | CHUA OR in its vicinity under P. S. Harihar Para (Panchayet Area) |
| 3. | Foreign Liquor for consumption "OFF" the premises. | BELDANGA OR in its vicinity under P. S. Beldanga Area. | —— |
| 4. | Do | RAGHUNATHGANJ OR in its vicinity under P. S. Raghunathganj (Municipality Area) | —— |
| 5. | Do | —— | ISLAMPUR OR in its vicinity under P. S. Islampur (Panchayet Area) |

Sd./ H. K. Dwivedi

Dist. Magistrate & Collector, Murshidabad

## FORM I

(See Rules 9 and 10)

Form of application by an individual for grant of a licence for the retail sale of spirit and other intoxicants.

1. Applicant's full name with father's/husband's name
2. Full address—
   (a) Present
   (b) Permanent
3. Present age with proof in support of age
4. Educational qualification
5. Occupation—
   (a) Past
   (b) Present
6. Annual Income of the applicant
7. Business or sales experience, if any, with full particulars
8. (i) Whether he holds or held any excise license(s) in West Bengal/in any other State of India and
   (ii) if so, full particulars thereof and if the license(s) is/are not in force now, how it/they terminated (Documents showing grant/termination of the license(s) should be furnished)

(Contd.)

**সাক্ষরতা প্রকল্পের কাজ জোর কদমে চলছে**

নিজস্ব সংবাদদাতা ঃ সাগরদীঘি ব্লকে সাক্ষরতা প্রকল্পের কাজ জোর কদমে চলছে। বর্তমানে মোট কেন্দ্র ৫৪, পড়ুয়া ৬৫০ জন। ৫৪ জন ভলেনটিয়ার ট্রেনার্স উৎসাহ নিয়ে শিক্ষা দিচ্ছেন। তাদের মধ্যে ২২ জন পুরুষ ও ৩২ জন মহিলা। ব্লক অফিস থেকে তদারকির দায়িত্বে আছেন মাধাই মিস্ত্রি। ঐ কেন্দ্রগুলিতে শীঘ্রই মূল্যায়ন শুরু হবে। বিডিও স্বরূপ সিকদার বলেন এইভাবে সকলকে উৎসাহিত করতে পারলে ব্লকে নিরক্ষর দ্রুত হ্রাস পাবে।

9. Whether any direct relation holds any excise license in West Bengal. If so, full particulars are to bo furnished.
10. (i) Whether he/she was over convicted by a criminal court of a non-bailable offence and
(ii) if so, full particulars thereof
11. Particulars of sites he/she will be able to offer for the shop and category of license prayed for
12. Whether he/she will be in a position to attend and manage the shop personally and independently in his/her own interest.
13. Special claim, if any

### VERIFICATION

I, ........................................................................ the applicant do hereby declare that the statements made hereinabove are true to my knowledge and belief.

Place : Signature of the Applicant
Date : Status........... ......................

Note 1 : In case of applications for categories of licences specified in item nos. (i) to (1) of rule 4, blue print of the premises offered at the site in quadruplicate duly authenticated by the applicant shall be submitted alongwith the application with requisite court fee stamps. Note 2 : If any information of particulars furnished in the application is subsequently found to be false, inaccurate or incomplete, the licence, if any, granted on the basis of the application, will be liable to instant withdrawal without prejudice to other action that may be taken.
Note 3 : Strikeout whichever is not applicable.

### FORM II
(See Rules 9 and 10)

Form of application by a Company/Firm for grant of a licence for the retail sale of spirit and other intoxicants.

1. a) Name of the applicant company/corporation/firm : b) Full address of registered office :
c) Address of local office : d) Registration No. of the company/firm :
2. a) Name of the Managing Director/Chief Executive Officer in whose name license may be granted :
b) His/Her address— i) Present : ii)Permanent
c) Educational qualification
d) Other Occupation (if any)— i) Present : ii) Past :
e) Profit as per last audited Balance Sheet :
3. a) Name of partners in case of firm with educational qualifications of each :
b) Address of all partners— i) Present : ii) Past :
c) Other occupations (if any)— i) Present : ii) Past :
d) Annual income of each of the partners :
4. Business or sales experience, if any, of the applicant company/firm :
5. i) Whether the applicant company/firm holds or held any excise license(s) in West Bengal/in any other State :
ii) If the answers in (i) above is in the alternative, full particulars thereof and if the license(s) is/are not in force now, how it/they terminate :
(attested copies of documents showing grant/ termination of the license(s) shall be furnished)
6. a) i) Whether the M. D./C. E./partners of the applicant Company/Firm was/were convicted by a criminal court of a non-bailable offence and : ii) if so, full particulars thereof :
b) Particular sites that may be offered for the shop and category of license prayed for :
7. Special claim, if any :

### VERIFICATION

I, ............................................... the applicant do hereby declare that the statements made hereinabove are true to my knowledge and belief.

Place : Signature of the Applicant
Date : Designation.................

Note : The following documents and papers shall be submitted alongwith the application :—
1) Four copies of memorandum and articles of Association 2) A list of present Directors/Managers/Officers (as defined in the companies Act) 3) A copy of the last Audited Balance sheet. 4) A copy of the last Income tax/Sale tax clearance certificate. 5) A copy of the minute of the meeting authorising the company/Firm to apply for the said licence.
Note 2 : In case of application for categories of licenses specified in item No. (i) to (1) of Rule 4 blue print of the premises offered at the site in quadruplicate duly authenticated by the applicants shall be submitted alongwith applications with requisite court fee stamps.
Note 3 : If any information of particulars furnished in the application is subsequently found to be false, inaccurate or/incomplete the license. If any granted on the basis of the application will be liable to instant withdrawal without prejudice to legal action that may be taken. Note 4 : Strike out whichever is not applicable.

Memo No. 281 (3)/Inf./Msd. Date 20/7/2000

---

**বহিষ্কার** (১ম পৃষ্ঠার পর) কাউন্সিলার ফারুক হোসেন ছাড়া আর কোন উল্লেখযোগ্য ব্যক্তি উপস্থিত ছিলেন না। যদিও ফারুক সিপিএম সমর্থক নির্দল প্রার্থী। অপরদিকে সিপিএম নেতা আজাদ আলি এক সাক্ষাতকারে জানান—সফর আলি তাদের দলে আসতে চাইলেও তাঁকে নেওয়া হবে না। সফর দলের নিয়ম নীতির তোয়াক্কা করেন না। তাই কোন দলেই তাঁর স্থান হবে না। ব্লক কংগ্রেসের সভাপতি জানান—কংগ্রেস থেকে তাঁকে তাঁর আচরণের জন্য বহিষ্কার করা হয়েছে। সফর আলি বর্তমান বোর্ডকে ছয় মাসের সময় দিয়েছিলেন। দল থেকে বহিষ্কার হওয়ার পর কি তিনি পারবেন পৌরবোর্ড ভাঙতে ?

**জঙ্গিপুর স্কুল শীর্ষে** (১ম পৃষ্ঠার পর) সর্বোচ্চ সৌগত সরকার (৮৩১)। রঘুনাথগঞ্জ গার্লস ঃ মোট পরীক্ষার্থী ৮৯, ২য় বিভাগে ২৭ জন ও পাশ বিভাগে ২০ জন মিলে কৃতকার্য মোট ৪৭। সর্বোচ্চ কোয়েলী দাস (৫৩৬)। সাগরদীঘি হাই স্কুল ঃ তিনটি শাখা মিলে মোট পরীক্ষার্থী ২৯২, ১টি ষ্টারসহ ১৩ জন ১ম বিভাগে, ৬৬ জন ২য় বিভাগে, ৫৯ জন পাশ বিভাগে। সর্বোচ্চ নীহাররঞ্জন দত্ত (৭৫০)। মির্জাপুর দ্বিজপদ ঃ মোট পরীক্ষার্থী ৯২, ১ম বিভাগে ৬ জন, ২য় বিভাগে ৩০, পাশ বিভাগে ৪১। সর্বোচ্চ বিজ্ঞানে ধ্রুবব্রত কাদিয়া (৭৩৩) এবং কলায় সুনীতি সরকার (৭১০)।

---

দাদাঠাকুর প্রেস এন্ড পাবলিকেশন রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ), ৭৪২২২৫, অনুত্তম পন্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।